# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২১৭৭

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

### আরবী

وَعَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ قَالَ: بَلَغَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قَرَأَ (يس)
فِي صَدْرِ النَّهَارِ قضيت حَوَائِجه» رَوَاهُ الدَّارِمِيّ مُرْسلا

### বাংলা

২১৭৭-[৬৯] ’আত্বা ইবনু আবূ রবাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নির্ভরযোগ্য সূত্রে আমার কাছে এ কথা পৌঁছেছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দিনের প্রথম অংশে সূরা ইয়াসীন পড়বে, তার সব প্রয়োজন পূর্ণ হবে। (দারিমী মুরসাল হিসেবে বর্ণনা করেছেন)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : দারিমী ৩৪৬১। কারণ এটি মুরসাল।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘যে ব্যক্তি দিনের শুরুভাগে সূরা ইয়াসীন পাঠ করবে তার যাবতীয় প্রয়োজন পূর্ণ করে দেয়া হবে’, এ প্রয়োজন বা হাজত দুনিয়া আখিরাতের উভয়েরই হতে পারে অথবা মুত্বলাক দীনী প্রয়োজনই উদ্দেশ্য।

অন্য এক বর্ণনায় এসেছে যে, ব্যক্তি দিনের শুরুতে সূরা ইয়াসীন পাঠ করবে তার সারাদিনে যত প্রয়োজন দেখা দিবে আল্লাহ তা‘আলা তা পূর্ণ করে দিবেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56737

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন